আজকের কাগজ

তারিখ 17 MAR 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

৮৫

### হবিগঞ্জের প্রাথমিক শিক্ষা

# ৬০ হাজার শিশু–কিশোর সার্বজনীন শিক্ষা থেকে বঞ্চিত

হবিগঞ্জ, ১৫ মার্চ ঃ হবিগঞ্জ জেলায় প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত শিশু–কিশোরদের সংখ্যা ৬০ হাজারেরও অধিক। এক জরিপে দেখা গেছে, জেলার বিভিন্ন উপজেলায় স্কুল গমনোপযোগী ছেলে–মেয়েদের শত–করা ৩০ ভাগই সার্বজনীন প্রাথমিক শিক্ষার সুযোগ পাচ্ছে না।

জানা যায়, জেলার ৮টি উপজেলায় স্কুল গমনোপযোগী ছেলে–মেয়েদের সংখ্যা ২ লাখ ৯ হাজার ৭১ জন। জেলার ৭৭৩টি সরকারি ও ৬৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র–ছাত্রীর সংখ্যা ১ লাখ ৪৪ হাজার ৫শ' জন। ফলে প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত শিশু–কিশোরদের সংখ্যা ৬৫ হাজার ৫শ' ৭১ জন। তন্মধ্যে হবিগঞ্জ সদর উপজেলায় ৯শ' ৫৭ জন, নবীগঞ্জে ৭ হাজার ৭শ' ৭৩ জন, আজমিরিগঞ্জে ৬ হাজার ৪শ' ২৮ জন, বাহুবলে ৪ হাজার ৪শ' ২৭ জন, মাধবপুরে ৯ হাজার ৩শ' ৭৩ জন লাখাইয়ে ৪ হাজার ৪শ' ৭৩ জন, বানিয়াচংয়ে ৮ হাজার ৯শ' ৬২ জন ছাত্র–ছাত্রী প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

গত বছর সরকারি হিসেব অনুযায়ী জেলার শিক্ষা থেকে বঞ্চিত ছেলে–মেয়েদের সংখ্যা ছিল ৪০ হাজার। কিন্তু এক বছরের ব্যবধানে এ সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬০ হাজারে। এ হারে শিক্ষা–বঞ্চিত শিশু–কিশোরদের সংখ্যা বৃদ্ধি পেতে থাকলে অদূর ভবিষ্যতে এ বিপুল সংখ্যক শিশু–কিশোররাই একদিন জেলার উন্নয়নে প্রতিবন্ধক হয়ে দাঁড়াবে, এতে কোন সন্দেহ নেই।

এর কারণ খুঁজতে গিয়ে জানা যায়, ছাত্র–ছাত্রীদের তুলনায় বিদ্যালয়ের স্বল্পতা। আর যে প্রাথমিক বিদ্যালয়গুলো আছে সেখানে প্রয়োজনীয় মেরামতের অভাবে ছাত্র–ছাত্রীদের খোলা আকাশের নিচে রোদ–বৃষ্টি উপেক্ষা করে ক্লাস করতে হচ্ছে। অনেক বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদেরকে মাটিতে বসে ক্লাস করতে হচ্ছে। ফলে ছাত্র–ছাত্রীরা স্বভাবতই লেখাপড়ার প্রতি উৎসাহ হারিয়ে ফেলছে। ফলে জেলায় শিক্ষা–বঞ্চিত শিশুর হার ক্রমশই বাড়ছে। হবিগঞ্জ থেকে বাদল রায়।